



স্মারক নম্বর-কিবি/অফিস আদেশ/২০২৫/৭৮৬

তারিখ: ১৫ পৌষ, ১৪৩২ বাংলা
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

শোক বিজ্ঞপ্তি

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী, মুসলিম বিশ্বের দ্বিতীয় মহিলা প্রধানমন্ত্রী, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপারসন বেগম খালেদা জিয়া আজ ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ৬:০০ টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইম্মা লিঙ্গাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

সরকার কর্তৃক ঘোষিত তিন (৩) দিনের রাষ্ট্রীয় শোক কর্মসূচির প্রতি সম্মান জানিয়ে ৩১ ডিসেম্বর ২০২৫ হতে ০২ জানুয়ারি ২০২৬ খ্রি. (বুধবার থেকে শুক্রবার) পর্যন্ত কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় যথাযথভাবে শোক পালন করার কর্মসূচি নিয়েছে। আজ ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে এবং আগামীকাল ৩১ ডিসেম্বর ২০২৫ বিশ্ববিদ্যালয়ের সকল অফিস এবং ক্লাস-পরীক্ষা সরকার ঘোষিত সাধারণ ছুটির আওতায় বন্ধ থাকবে। এছাড়াও, উক্ত সময়কালে বিশ্ববিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের কালো ব্যাজ ধারণ করার জন্য অনুরোধ জানানো হলো।

রাষ্ট্রীয় কর্মসূচি অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের পরবর্তী কর্মসূচি প্রণয়ন করা হবে।

নায়লা ইয়াসমিন ৩০/১২/২০২৫

রেজিস্ট্রার

কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০২৯৯৮৮৩২২২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যাপক ড. মোঃ সফিকুল ইসলাম, উপ-উপাচার্য, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
২. অধ্যাপক মোঃ ইমান আলী, ট্রেজারার, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
৩. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
- ৫-৮. চেয়ারম্যান, সকল বিভাগ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় (শিক্ষক এবং শিক্ষার্থীদের অবগত করার অনুরোধসহ)
৯. প্রক্টর অফিস, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১০. প্রভোস্ট (ছাত্র এবং ছাত্রী হল), কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১১. ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র পরামর্শ এবং নির্দেশনা), কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১২. অর্থ ও হিসাব দপ্তর, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১৩. পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
১৪. নোটিশ বোর্ড
১৫. অফিস কপি